

# 4th Foreign Office Consultations between India and Ethiopia

October 03, 2022

## ভারত ও ইথিওপিয়াৰ মध्ये বিদেশ দপ্তৰ পরামর্শ

অক্টোবৰ 03, 2022

ভারত ও ইথিওপিয়াৰ মধ্যে চতুৰ্থ বিদেশ দপ্তৰ পরামর্শ 03ৰা অক্টোবৰ 2022 তারিখে আদিস আবাবাতে অনুষ্ঠিত হয়েছে এবং এটি বৈঠকটির যুগ্ম পৌরোহিত্য করেছেন ভারতের বিদেশ মন্ত্রকের সচিব(পূর্ব ও দক্ষিণ আফ্রিকা)শ্রী পুনীত আর. কুন্ডল এবং ইথিওপিয়াৰ বিদেশ মন্ত্রকের মধ্যপূর্ব, এশিয়া ও প্যাসিফিক দেশদেশগুলি বিষয়ক বিভাগের মহা নির্দেশক ডঃ গেবেইয়েছ গঙ্গা গায়িতো (পিএইচডি)।

2. বিদেশ দপ্তৰ পরামর্শ চলাকালীন উভয় প্রতিনিধিদল দ্বিপাক্ষিক সম্পর্কের আদ্যন্ত পর্যালোচনা করেছেন। যে বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে সেগুলি হল, রাজনৈতিক সম্পর্ক, বাণিজ্য ও বিনিয়োগ বিষয় সমূহ, অংশীদারী প্রকল্পগুলির বিকাশ, সাংস্কৃতিক ও কনসুলাৰ বিষয় সমূহ, উচ্চশিক্ষা ক্ষেত্রে সহযোগিতা, জনগণের সাথে জনগণের যোগাযোগ ইত্যাদি। প্রতিরক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, শিক্ষা, কৃষি ও কৃষি সম্পর্কিত ক্ষেত্র, অসামরিক বিমান চলাচলের মত ক্ষেত্রগুলিতে সম্পর্ক বিস্তার করার জন্য কাজ করার জন্যও সম্মত হওয়া গেছে। পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যাবলীর পাশাপাশি এইউ সম্পর্কিত বিষয়গুলি নিয়েও মত বিনিময় হয়েছে।

3. সম্পর্কের প্রাণবন্ততা ও পারস্পরিক উপকারিতাকে বজায় রাখার জন্য উচ্চ পর্যায়ের রাজনৈতিক আদানপ্রদান এবং যৌথ প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ার নিয়মিত বৈঠক চালিয়ে যাবার জন্য উভয়পক্ষ সম্মত হয়েছে। উভয় পক্ষ আসু কোনো এক তারিখে, যৌথ বিজ্ঞান ও প্রযুক্তি কমিটি (জেএসটিএস), যৌথ বাণিজ্য কমিটি (জেটিসি) র মত প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ার অধীনে বৈঠক ডাকতে এবং পারস্পরিক সুবিধাজনক এক তারিখে দ্বিপাক্ষিক সহযোগিতার জন্য পরবর্তী মন্ত্রীপর্যায়ের জয়েন্ট কমিশন আয়োজন করার উদ্দেশ্যে কাজ করার জন্য সম্মত হয়েছে।

4. বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ পারস্পরিক এক সুবিধাজনক তারিখে নিউ দিল্লিতে পরবর্তী দফার পরামর্শ আয়োজন করার জন্য সম্মত হয়েছে।

আদিস আবাবা

অক্টোবৰ 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.